

হাদীস শরীফ

মহান আল্লাহ্ তা'লাই সবার

সর্বোত্তম অভিভাবক

আমরা যেন আমাদের জীবনে কখনও খোদার ওপর আস্থা না হারাই,
আমাদের সবকিছুই তিনি।

কুরআন :

আর তিনি তাকে এমন দিক থেকে রিয়ক দিবেন যা সে কল্পনাও করতে পারে না। এবং যে আল্লাহ্‌র ওপরে নির্ভর করে তিনি তার জন্যে যথেষ্ট। নিশ্চয় আল্লাহ্ নিজ উদ্দেশ্যকে পূর্ণ করে থাকেন। আল্লাহ্ প্রত্যেক বিষয়ের পরিমাণ অবশ্যই নির্ধারণ করে রেখেছেন। (সূরা তালাক, আয়াত : ৪)

হাদীস :

ইবনে আব্বাস হতে বর্ণিত, তিনি বলেন, হযরত ইব্রাহীম (আ.)-কে যখন আগুনে নিক্ষেপ করা হলো, তখন তিনি বলেছিলেন, আল্লাহ্‌ই আমার জন্য যথেষ্ট। এবং তিনি উত্তম অভিভাবক।' আর লোকেরা যখন হযরত মুহাম্মদ (সা.) ও তাঁর সঙ্গীদেরকে মুশরিকরা তোমাদের বিরুদ্ধে সমবেত (খন্দকের যুদ্ধ) হয়েছে, তোমরা তাদেরকে ভয় কর। তখন এতে তাদের ঈমান বেড়ে গেল। তারা বলেছিল, 'হাসবুনালাহ্ ওয়া নি'মাল ওয়াকীল' অর্থাৎ আল্লাহ্‌ই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি উত্তম অভিভাবক (বুখারী)।

ব্যাখ্যা :

পৃথিবীতে মানুষ সর্বদাই মহাশক্তির আশ্রয়ের সন্ধানে রয়েছে। মানবীয় দুর্বলতার কারণে আত্মরক্ষা, নিরাপত্তা ও জীবিকার কারণে নিজ হতে শক্তিশালী সত্তার সন্ধান করে আসছে। তাই আমরা ইতিহাস থেকে জানতে পারি যে, কখনও সূর্য, চন্দ্র, তারকা বা কখনও গাছপালা বা কখনও মাটির বিভিন্ন আকৃতি বা মানুষকে মহাশক্তিদর এদের পূজা আর্চনা করেছে, যাতে মানুষ বিভিন্ন সমস্যার সমাধান পায়। অপরদিকে সবকিছুর মালিক ও স্রষ্টা আল্লাহ্ তাআলা এক লাখ চব্বিশ হাজার বা দুই লাখ চব্বিশ হাজার নবী পাঠিয়ে মানবজাতিকে সংবাদ দিয়ে

আসছেন তোমাদের একজন সৃষ্টিকর্তা আছেন যিনি সকল ক্ষমতার অধিকারী; তোমরা তাঁর উপাসনা কর। তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান।

খোদা তা'লা তাঁর মহাপরাক্রমশালী সত্তাকে যুগে যুগে মানবজাতির সামনে তাঁর ঐ সকল ব্যক্তি দ্বারা দিনের ন্যায় উজ্জ্বলভাবে তুলে ধরেছেন যাঁরা তাঁর ওপর ঈমান আনে ও তাঁর ওপর ভরসা রাখে।

কুরআনের আয়াতটিতে আল্লাহ্ তা'লা জানাচ্ছেন, যে খোদা তা'লার ওপর ভরসা রাখে খোদা তার জন্য যথেষ্ট হন। তার সকল সমস্যার সমাধানকারী হন।

হাদীসে আল্লাহ্‌র ওপর ভরসাকারী দু'জন মহানবীর দু'টি এমন ঘটনা বর্ণনা করা হয়েছে যা হতে উত্তরণ লাভ আল্লাহ্‌ ছাড়া অন্য কারও দ্বার সম্ভব নয়। প্রথমটি হযরত ইব্রাহীম (আ.)-এর আগুনে নিক্ষেপ করার ঘটনা। দ্বিতীয়টি খন্দকের যুদ্ধের ঘটনা। দুটি ঘটনাতে আল্লাহ্‌র প্রিয় বান্দার মুকাবেলায় শত্রুরা প্রবল ক্ষমতাদর ও নিজ ভাবনায় অপরায়েয় ছিল। কিন্তু খোদার বান্দারা ঐ সময় যখন মৃত্যু নিশ্চিত ভেবে বলে উঠলেন, 'হাসবুনালাহ্ নি'মাল ওয়াকীল' আর খোদাও তা দেখিয়ে দিলেন যে, তিনি উত্তম অভিভাবক ও তিনি তাঁর নেক বান্দাদের জন্য যথেষ্ট।

এই হাদীসে আমাদেরকে শিক্ষা দিচ্ছে, আমরা যেন আমাদের জীবনে কখনও খোদার ওপর আস্থা না হারাই। আমাদের সবকিছুই তিনি। আমরা যদি তাঁকে সব কিছু মনে করি তবে তিনি আমাদের সর্বোত্তম অভিভাবক। আল্লাহ্‌ করুন আমরা যেন সবাই খোদার ওপর পূর্ণ ভরসাকারী হই, আমীন।

আলহাজ্জ মওলানা সালেহ্ আহমদ
মুরব্বী সিলসিলাহ্